ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রাজ-৭৬/২০১৬/ ৭৫৮-৫৭(৪) তারিখ : ২৫ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ আগস্ট, ২০২৬ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

দামগাড়া সিদ্দীকিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর : নন্দীগ্রাম, উপজেলা : নন্দীগ্রাম, জেলা : বগুড়া-এর ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৪.১১.২০২৫ খ্রি. দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত ৩য় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬.০৩.২০২৫ খ্রি. থেকে ২৫.০৩.২০২৯ খ্রি.পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো-

শর্তসমূহ :

১. লাইব্রেরির জন্য এক লক্ষ টাকার রেফারেন্স বই, সমসাময়িক বই/কিতাব এবং প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করতে হবে।
২. নতুন শিক্ষাবর্ষ থেকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করে ফাজিল স্তরের চূড়ান্ত পরীক্ষায় কমপক্ষে ২৫ জন পরীক্ষার্থী নিশ্চিত করতে হবে।
৩. মাদরাসার আয়-ব্যয় যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে ক্যাশ বহিতে লিপিবদ্ধ ও বছরে কমপক্ষে ৪ বার অডিট করাতে হবে।
৪. আরবি ও ইংরেজি বিষয়গুলো সংশ্লিষ্ট ভাষায় পাঠদান করতে হবে।
৫. ইবতেদায়ী শাখার শ্রেণিকক্ষগুলো যুগোপযোগী পেইন্টিংসহ সংশ্লিষ্ট শ্রেণি উপযোগী শিক্ষা উপকরণ দ্বারা সমৃদ্ধ করতে হবে।
৬. কম্পিউটার ল্যাবের জন্য কমপক্ষে ০৩টি কম্পিউটার ক্রয় করে শিক্ষার্থীদের জন্য কম্পিউটার প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।
৭. রিজার্ভ ফান্ডে ২,০০,০০০/-টাকা জমা থাকতে হবে।
৮. সকল কেনাকাটায় ভাউচার সংরক্ষণ এবং ক্রেতা, যাচাইকারী ও অধ্যক্ষের স্বাক্ষর থাকতে হবে।
৯. মাদরাসার প্যাড ও মূল ফটকে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখা থাকতে হবে।
১০. নিয়মিত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শন ও ফাইলে সংরক্ষণ করতে হবে।
১১. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর অনুমোদনক্রমে

প্রফেসর ড. মুহাম্মদ গোলাম রব্বানী
মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ
দামগাড়া সিদ্দীকিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর : নন্দীগ্রাম, উপজেলা : নন্দীগ্রাম, জেলা : বগুড়া।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রাজ-৬৬/২০১৬/৭৫৮-৫৭(ক) তারিখ : ২৫ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ আগস্ট, ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড ভবন, নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৪। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫। সভাপতি, দামগাড়া সিদ্দীকিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর : নন্দীগ্রাম, উপজেলা : নন্দীগ্রাম, জেলা : বগুড়া।
৬। অফিস নথি।

09.08.2026
(শিরিনা আক্তার)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইল: ০১৯১১-৬৮৮৬৯৬